

2021/TDC (CBCS)/EVEN/SEM/
BNGSEC-601T/011

TDC (CBCS) Even Semester Exam.,
September—2021

BENGALI

(6th Semester)

Course No. : BNGSEC-601T

(কল্পবিজ্ঞান ও ফ্যান্টাসি)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ষ সংখ্যা পূর্ণমান নির্দেশক

বিভাগ—ক

নিম্নলিখিত যে-কোন পনেরোটি প্রশ্নের উত্তর দাও : ১×১৫=১৫

- ১। লীলা মজুমদারের পিতার নাম কী ?
- ২। 'সব ভূতুড়ে' গল্পসংকলনে মোট কয়টি গল্প আছে ?
- ৩। পেনেটিতে একেবারে গঙ্গার ধারে কে একটা বড়ো বাড়ি
কিনেছিলেন ?
- ৪। কাঠপুতলি 'পৃথিবীর সব গরীব দুঃখীদের খিষ্ট'। এটা কার
অভিমত ?

- ৫। 'গোলাবাড়ির সার্কিট হাউস' গল্পে কোম্পানির সবথেকে ছোট সাহেবের নাম কী ?
- ৬। লাঠিখেলায় হাজার শত্রুকে ঘায়েল করার জন্য দামুকাকার বাবা কী নামে পরিচিত ছিলেন ?
- ৭। সুকুমার রায়ের পিতার নাম কী ?
- ৮। "সাত দুগুণে কত হয় ?"—কে জিজ্ঞেস করেছিল ?
- ৯। শ্রীকাকেশ্বর কুচকুচের বাস কোথায় ?
- ১০। শ্রীব্যাकरण শিং কার নাম ?
- ১১। সুকুমার রায় সম্পাদিত পত্রিকাটির নাম কী ?
- ১২। সত্যজিৎ রায়ের সঙ্গে সুকুমার রায়ের সম্পর্ক কী ?
- ১৩। 'পটলডাঙ্গার টেনিদা' গ্রন্থটি প্রথম কত সালে প্রকাশিত হয় ?
- ১৪। 'চেঙ্গিস আর হ্যামলিনের বাঁশিওলা' গল্পে সুকুমার রায়ের কোন্ গ্রন্থের উল্লেখ আছে ?
- ১৫। চীনেম্যানের দোকান থেকে টেনিদা কী কিনেছিল ?
- ১৬। চুরির দায়ে দশাননকে কোথায় নির্বাসন দেওয়া হয়েছিল ?
- ১৭। "তুমি যাও বঙ্গে, কপাল যায় সঙ্গে"—এ কথাটি 'পটলডাঙ্গার টেনিদা' গ্রন্থের কোন্ গল্পে বলা হয়েছে ?

- ১৮। 'অঙ্কের কোশ্চেন' জানার জন্য টেনিদারা কার ভূতকে নামাতে চেয়েছিল ?
- ১৯। 'ভূতুড়ে ঘড়ি' গ্রন্থটির লেখক কে ?
- ২০। হারাণচন্দ্র ইতিমধ্যে কয়টি ঘড়ি হারিয়েছেন ?
- ২১। হারাণচন্দ্রের কয়টি ছেলে ছিল ?
- ২২। বাসবনলিনী কে ?
- ২৩। হারাণচন্দ্রের ছেলেবেলার বন্ধু শ্যামাচরণ বর্তমানে কী নামে পরিচিত ?
- ২৪। হারাণচন্দ্রের জন্য নতুন ঘড়ি কে কিনে এনেছিল ?
- ২৫। 'প্রোফেসর শঙ্কু' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় ?
- ২৬। সঞ্জীবনী মন্ত্র জানা সাধুর খবর শঙ্কুকে কে দিয়েছিল ?
- ২৭। প্রোফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী ?
- ২৮। প্রোফেসর শঙ্কুর বাড়িতে যে ম্যাকাও পাখিটি এসেছিল, তার আদি বাসস্থান কোথায় ?
- ২৯। ইজিপ্টে প্রোফেসর শঙ্কুর সঙ্গে যে প্রত্নতাত্ত্বিকের দেখা হয়েছিল তাঁর নাম কী ?
- ৩০। কোথাকার অ্যাকাডেমি প্রোফেসর শঙ্কুকে 'ডক্টর' উপাধি দান করেছিল ?

বিভাগ—খ

নিম্নলিখিত যে-কোন পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

- ৩১। 'সব ভূতুড়ে' গ্রন্থের প্রথম সংস্করণ কবে প্রকাশিত হয়? কার স্মৃতির উদ্দেশ্যে গ্রন্থটি উৎসর্গ করা হয়?
- ৩২। দামুকার স্বভাব কেমন ছিল?
- ৩৩। 'হ য ব র ল' গ্রন্থে উল্লিখিত দুই বুড়োর নাম কী?
- ৩৪। 'হ য ব র ল' গ্রন্থের গল্পকথক বালকের বয়স কত? তার রুমাল কিসে পরিণত হয়?
- ৩৫। টেনিদার দুজন সহচরের নাম লেখো।
- ৩৬। হ্যামলিনের বাঁশিওলা ছারপোকা দমন করে দিলে চেঙ্গিস খাঁ তাকে কী কী দেবেন বলেছিলেন?
- ৩৭। "তিনশো তেইশ নম্বরটা এল বুঝি"—বক্তা কে? 'তিনশো তেইশ নম্বর' বলতে কী বোঝানো হয়েছে?
- ৩৮। রামরাহার পুরো নাম কী? সে মহাকাশযান নিয়ে চলে যাওয়ার সময় লাটুকে কী উপহার দিয়েছিল?
- ৩৯। প্রোফেসর শঙ্কুর পুরো নাম কী? 'প্রোফেসর শঙ্কু ও হাড়' গল্পে শঙ্কু কোথায় বসে তার ডাইরি লিখছিলেন?
- ৪০। তরফদার ম্যাকাও পাখিটি কোথা থেকে চুরি করে এনেছিলেন? পাখিটি কয়টি বিদেশী ভাষা জানতো?

বিভাগ—গ

নিম্নলিখিত যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

- ৪১। “লীলা মজুমদারের ভূতেরা মানুষের অনিষ্টকারী নয়, মানুষের সহায়ক।” ‘পেনেটিতে’ নামক গল্পে দুই বন্ধুদের জব্দ করতে ভূতেরা কীভাবে গল্পের কথককে সাহায্য করেছিল তার সরস বর্ণনা দাও।
- ৪২। ‘দামুকাকার বিপত্তি’ গল্পে দামুকাকা কীভাবে বিপত্তির মধ্যে পড়েছিলেন এবং কীভাবে তা থেকে বেরিয়ে এসেছিলেন তার বিবরণ দাও।
- ৪৩। উদ্ভট রসের সাহিত্য হিসেবে ‘হ য ব র ল’-এর সার্থকতা বিচার করো।
- ৪৪। “সুকুমার রায়ের ‘হ য ব র ল’ গল্পে একে একে অনেক চরিত্রের অনুপ্রবেশ ঘটে আর বাড়তে থাকে বিশৃঙ্খলা।” গল্পটির অনুসরণে যে-কোন দুটি চরিত্রের বিশৃঙ্খল আচরণের বর্ণনা দাও।
- ৪৫। “‘পটলডাঙ্গার টেনিদা’ গ্রন্থটি নিখাদ হাস্যরস আর নির্মল আনন্দে ভরপুর একটি গ্রন্থ।” মন্তব্যটি বিশ্লেষণ করো।
- ৪৬। ‘পটলডাঙ্গার টেনিদা’ গ্রন্থের ‘দশানন চরিত’ গল্পে দশাননের সঙ্গে মনসবদার জবরদস্ত খাঁ-এর ভূতের সাক্ষাৎ এবং তৎপরবর্তী ঘটনাধারার একটি সরস বর্ণনা দাও।

- ৪৭। শিশুতোষ ভূতের গল্প হিসেবে 'ভূতুড়ে ঘড়ি'-র মূল্যায়ন করো।
- ৪৮। হারাণচন্দ্র চট্টোপাধ্যায় চরিত্রটির বর্ণনা দাও।
- ৪৯। কল্পবিজ্ঞানের কাহিনি বা ফ্যান্টাসি হিসেবে 'প্রোফেসর শঙ্কু' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।
- ৫০। 'প্রোফেসর শঙ্কু ও হাড়' গল্পে জন্ম-জানোয়ারের কঙ্কালকে মস্তকের বলে জ্যান্ত করার ক্ষমতাস্বামী সাধুর শেষ পরিণতি কোথায়, কীভাবে হয়েছিল তার বিবরণ দাও।

★ ★ ★